দৈনিক সংবাদ

২৭৩

তারিখ ... OCT 4 1999

পৃষ্ঠা ২ ... কলাম ... ৪

# শিক্ষক সমাবেশের আগেই প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন করার দাবি

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির জাতীয় কার্যনির্বাহী কমিটির বর্ধিত সভায় ১০ই অক্টোবরের পল্টন ময়দানে জাতীয় শিক্ষক সমাবেশের আগেই বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতনের শতকরা একশ' ভাগ দেয়ার প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের ঘোষণার জন্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে। শুক্রবার সমিতির সভায় এ দাবি জানানো হয়।

সকল জেলা থেকে শিক্ষক প্রতিনিধিবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের প্রধান অধ্যক্ষ এ, কে, এম জহিরুল ইসলাম। বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক ও ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এবং অধ্যক্ষ মনসুরুর রহমান, উপাধ্যক্ষ বেলায়েত হোসেন, অধ্যাপক আসাদুল হক, অধ্যাপক সাইদুর রহমান, অধ্যাপক আবদুর রব মিয়া, অধ্যক্ষ কাজী আতাউর রহমান, অধ্যাপক মির্জা মহিউদ্দিন আহমেদ, অধ্যাপক প্রদীপ নারায়ণ সাহাসহ সমিতির কেন্দ্রীয় নেতৃবৃন্দ। সংবাদ বিজ্ঞপ্তি।